# NTRCA লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৬

### লেকচার টপিক
- লিঙ্গ
- বচন
- উপসর্গ

## লিঙ্গ প্রকরণ

লিঙ্গ শব্দটির অর্থ চিহ্ন। সংস্কৃত লিঙ্গ শব্দটির ব্যুৎপত্তি এরকম, লিঙ্গ্ + অ = লিঙ্গ। বাংলা ব্যাকরণে বিশেষ্য পদের চার প্রকার লিঙ্গ স্বীকার করা হয়েছে। যথা:

### ১. পুংলিঙ্গ
যে সকল নামবাচক শব্দের দ্বারা পুরুষ বোঝায়, তাদের পুংলিঙ্গ বলে। যেমন: বাবা, কাকা, দাদা, ছেলে, প্রবীণ, কিশোর ইত্যাদি।

### ২. স্ত্রীলিঙ্গ
যে সকল নামবাচক শব্দের দ্বারা স্ত্রী বোঝায়, তাদের স্ত্রীলিঙ্গ বলে। যেমন: মা, কাকি, দাদি, নানি, প্রবীণা, কিশোরী ইত্যাদি।

### ৩. ক্লীবলিঙ্গ
যে সকল নামবাচক শব্দের দ্বারা পুরুষ বা স্ত্রী কোনোটাই বোঝায় না, তাদের ক্লীবলিঙ্গ বলে। যেমন: গাছ, পাহাড়, পর্বত, ফল, টেবিল, বই ইত্যাদি।

### ৪. উভয়লিঙ্গ
উপর্যুক্ত তিনটি লিঙ্গ ছাড়াও ব্যাকরণে আরেকটি লিঙ্গ স্বীকৃত, তা হলো উভয়লিঙ্গ। এগুলো স্ত্রী, পুরুষ উভয়ই বোঝায়। যেমন: শিশু, কবি, ডাক্তার, শিল্পী ইত্যাদি।

বাংলা ভাষায় বিশেষণ পদের কোনো লিঙ্গ হয় না। তবে, অনেক সময় বিশেষ্যের লিঙ্গ অনুযায়ী বিশেষণ হয়ে থাকে। যেমন:

| পুংলিঙ্গ বিশেষণ | স্ত্রীলিঙ্গ বিশেষণ |
|---|---|
| জ্যেষ্ঠ পুত্র | জ্যেষ্ঠা কন্যা |
| মুহতারাম, জনাব | মুহতারামা, জনাবা |

**লিঙ্গ পরিবর্তন:**

### (ক) প্রত্যয়যোগে লিঙ্গ পরিবর্তনের নিয়মাবলি

১. অ-কারান্তে পুংলিঙ্গের শেষে 'আ' যোগ করে লিঙ্গ পরিবর্তন হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| সভ্য | সভ্যা | নবীন | নবীনা | বরণীয় | বরণীয়া |
| মাননীয় | মাননীয়া | উত্তম | উত্তমা | কনিষ্ঠ | কনিষ্ঠা |

২. অ এবং আ-কারান্ত পুংলিঙ্গ বিশেষ্য পদের শেষে 'ঈ'-কার যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| তরুণ | তরুণী | মানব | মানবী | রজক | রজকী |
| ষোড়শ | ষোড়শী | স্নেহময় | স্নেহময়ী | কর্তা | কর্ত্রী |

৩. পুংলিঙ্গ শব্দের শেষে অক্ থাকলে অক্ -কে ইক করে নিয়ে তার শেষে আ-প্রত্যয় যোগ করে স্ত্রীলিঙ্গ করতে হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| গায়ক | গায়িকা | প্রেরক | প্রেরিকা | নায়ক | নায়িকা |
| সম্পাদক | সম্পাদিকা | অধ্যাপক | অধ্যাপিকা | প্রচারক | প্রচারিকা |

৪. কতগুলো পুংলিঙ্গের শেষে 'আনী' যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অরণ্য | অরণ্যানী | মাতুল | মাতুলানী | চাকর | চাকরানী |
| মেথর | মেথরানী | চৌধুরী | চৌধুরানী | মোগল | মোগলানী |

৫. কতকগুলো পুংলিঙ্গ শব্দের শেষে 'ইনী' প্রত্যয় যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অভাগা | অভাগিনী | মাতঙ্গ | মাতঙ্গিনী | সাপ | সাপিনী |
| বাঘ | বাঘিনী | চাতক | চাতকিনী | শ্বেতাঙ্গ | শ্বেতাঙ্গিনী |

৬. কতগুলো পুংলিঙ্গ শব্দের শেষে 'নী' প্রত্যয়যোগে স্ত্রীলিঙ্গ হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ভিখারী | ভিখারিনী | কৃষাণ | কৃষাণী | ধোপা | ধোপানী |
| মায়াবী | মায়াবিনী | অভাগা | অভাগিনী | বেদে | বেদেনী |

৭. ভিন্ন শব্দ ব্যবহার করে লিঙ্গান্তর বা লিঙ্গ পরিবর্তন:

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| বাদশা | বেগম | পুরুষ/নর | নারী | কুলি | কামিন |
| বর | কনে | চাকর | ঝি | ভাই | ভাবী/বোন |
| স্বামী | স্ত্রী | সম্রাট | সম্রাজ্ঞী | দেবর | ননদ/জা |

৮. পুরুষবাচক শব্দের শেষে অত্‌, বান্‌, মান্‌, ঈয়ান থাকলে যথাক্রমে অতী, বতী, মতি, ঈয়সী হয়। যেমন:

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| বিদ্বান | বিদুষী | ভূয়ান | ভূয়সী | জ্ঞানবান | জ্ঞানবতী |
| মহিয়ান | মহীয়সী | শ্রীমান | শ্রীমতী | শ্রেয়ান | শ্রেয়সী |

০৯. পুংলিঙ্গ শব্দের শেষে 'আইন' প্রত্যয় যোগে লিঙ্গান্তর করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ঠাকুর | ঠাকুরাইন | হুজুর | হুজুরাইন | দুলহা | দুলহাইন |

১০. পুরুষবাচক শব্দের আগে অথবা পরে স্ত্রীবাচক শব্দ যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| শিল্পী | নারী শিল্পী | সৈন্য | মহিলা সৈন্য |
| ভাই | ভাই-বৌ | প্রতিনিধি | মহিলা প্রতিনিধি |

১১. শব্দের আগে বা পরে পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দ বসিয়ে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | 'পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| এঁড়ে বাছুর | বকনা বাছুর | ষাঁড় গরু | গাই গরু |
| হুলো বিড়াল | মেনী/মাদী বিড়াল | পুরুষ মানুষ | মেয়ে মানুষ |

১২. কতকগুলো পুরুষবাচক শব্দের একাধিক স্ত্রীলিঙ্গ হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| দেবর | ননদ/জা | ভাই | বোন/ভাবী |
| পুত্র | কন্যা/পুত্রবধূ | বন্ধু | বান্ধবী/বন্ধুপত্নী |

(খ) বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ

১. যেসব পুরুষবাচক শব্দের শেষে 'তা' রয়েছে, স্ত্রীবাচক বোঝাতে সেসব শব্দে 'ত্রী' হয়। যেমন: নেতা-নেত্রী, কর্তা-কর্ত্রী, শ্রোতা-শ্রোত্রী, ধাতা-ধাত্রী ইত্যাদি।

২. কোনো কোনো পুরুষবাচক শব্দ থেকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যেমন:

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| নর | নারী | বন্ধু | বান্ধবী |
| সম্রাট | সম্রাজ্ঞী | যুবক | যুবতী |
| শিক্ষক | শিক্ষয়ত্রী | স্বামী | স্ত্রী |

৩. বিদেশি স্ত্রীবাচক শব্দ

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| মুহ্‌তারিম | মুহ্‌তারিমা | সুলতান | সুলতানা |
| খান | খানম | মরদ | জেনানা |
| মালেক | মালেকা | সাহেব | বিবি/মেম |

➲ নিত্য পুরুষবাচক শব্দ: বিপত্নীক, সভাপতি, কৃতদার, ঢাকী, কবিরাজ, বামুন, পুরোহিত, জামাতা, বিচারপতি, কাপুরুষ, রাষ্ট্রপতি ইত্যাদি।

➲ নিত্য স্ত্রীবাচক শব্দ: সধবা, বিধবা, সৎমা, সতিন, সজনি, অঙ্গনা, ললনা, রূপসী, ডাইনি, পেতনি, শাঁকচুন্নি, দাই, এয়ো, পরি, অপ্সরা, কুলটা ইত্যাদি।

➲ উভয়লিঙ্গ শব্দ: সন্তান, মন্ত্রী, ঋষি, ফৌজ, সৈন্য, পুলিশ, শিশু, হাতি, মানুষ, গরু, আমি, তুমি, তুই, আপনি, সে, তিনি, ইনি, উনি, পাখি, শিক্ষক ইত্যাদি।

## এক কথায় প্রশ্নোত্তর

১. নিত্য পুরুষবাচক শব্দ-
উত্তর: বিপত্নী, সভাপতি, কৃতদার, ঢাকী, কবিরাজ প্রভৃতি।

২. নিত্য স্ত্রীবাচক শব্দ-
উত্তর: সধবা, বিধবা, সতিন, দাই, এয়ো, সৎমা প্রভৃতি।

৩. উভয়লিঙ্গবাচক শব্দ-
উত্তর: সন্তান, মন্ত্রী, ঋষি, ফৌজ, সৈন্য প্রভৃতি।

৪. 'নাটক' শব্দের স্ত্রীলিঙ্গ শব্দ কী?
উত্তর: নাটিকা।

৫. 'সুকণ্ঠ' শব্দের বিপরীত লিঙ্গ কী?
উত্তর: সুকণ্ঠী/সুকণ্ঠা।

৬. 'ঘোষ' শব্দের বিপরীত লিঙ্গ কী হবে?
উত্তর: ঘোষজা/ঘোষজায়া (স্ত্রী)।

৭. 'খানসামা' শব্দটি কোন লিঙ্গ?
উত্তর: পুংলিঙ্গ।

৮. 'জেনানা' শব্দের বিপরীত লিঙ্গ কী?
উত্তর: মরদ।

৯. 'কল্যাণবরেষু' শব্দটির স্ত্রীলিঙ্গ কী হবে?
উত্তর: কল্যাণবরাসু।

১০. 'গোলাম' শব্দের বিপরীত লিঙ্গ কী?
উত্তর: বাঁদী।

১১. 'বিদ্বান' শব্দের বিপরীত লিঙ্গ কী?
উত্তর: বিদুষী।

১২. 'সন্তান' শব্দটি যে লিঙ্গ–
উত্তর: উভয়লিঙ্গ।

## Teacher's Work

১. 'আমি' শব্দটি কোন লিঙ্গ? [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪,১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)- '১৪]
ⓚ পুংলিঙ্গ ⓚ স্ত্রীলিঙ্গ ⓖ ক্লীবলিঙ্গ ⓖ উভয় লিঙ্গ

২. কোনটির আগে স্ত্রীবাচক শব্দ যুক্ত করে লিঙ্গান্তর করতে হয়? [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ⓚ নেতা ⓚ কবি ⓖ দাতা ⓖ বাদশাহ

৩. কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ? [নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪]
ⓚ মা ⓚ সতিন ⓖ ঠাকরুন ⓖ বোন

৪. নিচের কোনটি ক্লীব লিঙ্গ? [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ⓚ মাতা ⓚ ছেলে ⓖ টেবিল ⓖ গাভী

৫. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নিরাপত্তা বোর্ড-'২৩]
ⓚ সাহেব ⓚ সঙ্গী ⓖ বেয়াই ⓖ কবিরাজ

# বচন

**সংজ্ঞা:** 'বচন' ব্যাকরণে একটি পারিভাষিক শব্দ। এর অর্থ সংখ্যার ধারণা। ব্যাকরণে বিশেষ্য বা সর্বনামের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে। বাংলা ভাষায় বচন দুই প্রকার: ১. একবচন ও ২. বহুবচন।

**একবচন শব্দ:** যে শব্দ দ্বারা কোনো প্রাণী, বস্তু বা ব্যক্তির একটিমাত্র সংখ্যার ধারণা হয়, তাকে একবচন বলে। যেমন: সুজন স্কুলে যায়। দৃশ্যটি খুব সুন্দর।

**বহুবচন শব্দ:** যে শব্দ দ্বারা কোনো প্রাণী বস্তু বা ব্যক্তির একের অধিক অর্থাৎ বহু সংখ্যার ধারণা হয় তাকে বহুবচন বলে। যেমন: ছাত্ররা স্কুলে যাচ্ছে। পাহাড়গুলো অপরূপ সুন্দর।

১. উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:

**গণ:** জনগণ, দেবগণ, নরগণ, সাহিত্যিকগণ প্রভৃতি।

**বৃন্দ:** সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ প্রভৃতি।

**মণ্ডলী:** শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী প্রভৃতি।

**বর্গ:** পণ্ডিতবর্গ, শিক্ষকবর্গ, মন্ত্রিবর্গ প্রভৃতি।

**রা:** মন্ত্রীরা, পণ্ডিতরা প্রভৃতি।

২. প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:

**কুল:** কবিকুল, নরকুল, মাতৃকুল, পক্ষিকুল, বৃক্ষকুল প্রভৃতি।

**সকল:** পর্বতসকল, মনুষ্যসকল প্রভৃতি।

**সব:** ভাইসব, পাখিসব প্রভৃতি।

**সমূহ:** বৃক্ষসমূহ, ছাত্রসমূহ প্রভৃতি।

৩. অপ্রাণিবাচক শব্দের বহুবচজনে ব্যবহৃত শব্দ:

**রাশি:** বালিরাশি, জলরাশি।

**দাম:** কুসুমদাম, শৈবালদাম।

**আবলি:** পুস্তকাবলি, পদাবলি।

**গ্রাম:** গুণগ্রাম (গুণাবলি)।

**পুঞ্জ:** মেঘপুঞ্জ, জাতিপুঞ্জ।

**গুচ্ছ:** কবিতাগুচ্ছ, গল্পগুচ্ছ।

**মালা:** পর্বতমালা, বর্ণমালা, মেঘমালা।

**রাজি:** তারকারাজি, বৃক্ষরাজি।

**শ্রেণি:** তরুশ্রেণি, পর্বতশ্রেণি।

৪. প্রাণী ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে গুলা, গুলি, গুলো প্রভৃতি ব্যবহৃত হয়। যেমন- টাকাগুলো, পাখিগুলো ইত্যাদি।

৫. জন্তু শব্দের বহুবচনে- যূথ, কুল, পাল প্রভৃতি ব্যবহৃত হয়।

৬. কিছু একবচন শব্দ বহুবচন হওয়ার সময়ে কাঠামোগত পরিবর্তন ঘটায়। যেমন: একবচন শব্দ- আমি, তুমি, সে ও তিনি ইত্যাদি।
বহুবচন শব্দ- আমরা, তোমরা, তারা ও তাঁরা ইত্যাদি।

৭. কতিপয় বিদেশি শব্দে, সে ভাষার অনুসরণে বহুবচন হয়। যেমন: আন প্রত্যয় যোগে: সাহেব- সাহেবান, বুজর্গ- বুজুর্গান।
আৎ প্রত্যয় যোগে: কাগজ- কাগজাত (কাগজপত্র)।

৮. বিশেষ নিয়মে সাধিত বহুবচন: বহুবাচক সর্বনাম ও বিশেষ্য- মেয়েরা কানাকানি করছে। এটাই করিমদের বাড়ি। রবীন্দ্রনাথরা প্রতিদিন জন্মায় না। সকলে সব জানে না।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বচন ব্যাকরণে একটি-**
**উত্তর:** পারিভাষিক শব্দ।

২. **বচন শব্দের অর্থ কী?**
**উত্তর:** সংখ্যার ধারণা।

৩. **বচন কত প্রকার ও কী কী?**
**উত্তর:** দুই প্রকার: যথা- একবচন ও বহুবচন।

## Teacher's Work

১. **কোনটি একবচনের উদাহরণ?** [বেবিচক ফায়ার লিডার: ২০২৪]
ⓚ বনে বাঘ থাকে ⓚ লোকে বলে ⓖ শিক্ষক ছাত্রকে পড়াচ্ছেন ⓖ মানুষ মরণশীল

২. **পর্বত শব্দের বহুবচন কোনটি?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মিটার রিডার-২০২৩]
ক) পর্বতকুল খ) পর্বতমালা গ) পর্বতসমূহ ঘ) পর্বতসমেত

৩. **'হাতি' শব্দটির বহুবচন কোনটি?** [NSI-এর ওয়াচার কনস্টেবল-২০১৯]
ক) হস্তিসকল খ) হস্তিবর্গ গ) হস্তিযূথ ঘ) হস্তিসব

# উপসর্গ

**সংজ্ঞা:** বাংলা ভাষায় কিছু অব্যয়সূচক শব্দাংশ রয়েছে যা বাক্যে স্বাধীন পদ হিসেবে ব্যবহার/ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের পূর্বে বসে নতুন শব্দের সৃষ্টি করে তাই মূলত উপসর্গ। যেমন- পরি + চালক = পরিচালক, এখানে 'পরি' শব্দটি একটি উপসর্গ যা শব্দের শুরুতে বসে সম্প্রসারিত অর্থ প্রকাশ করেছে।

**উপসর্গের বৈশিষ্ট্য:**

১. নতুন অর্থবোধক শব্দ তৈরি করে।
২. শব্দের অর্থের সম্প্রসারণ ঘটায়।
৩. শব্দের পূর্ণতা আনে।
৪. শব্দের অর্থের সংকোচন ঘটায়।
৫. শব্দের অর্থের পরিবর্তন সাধন করে।

**বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে। যথা:**

১) বাংলা উপসর্গ ২) সংস্কৃত উপসর্গ ও ৩) বিদেশি উপসর্গ।

## খাঁটি বাংলা বা দেশি উপসর্গ

**খাঁটি বাংলা উপসর্গ ২১টি। যথা:**

অ, অঘা, অজ, অনা (অন), আ, আড়, আন, ঊন (ঊনা), আব, ইতি, কদ, কু, নি, পাতি, রাম, সু, হা, বি, ভর, সা, স।

## তৎসম (সংস্কৃত) উপসর্গ

**সংস্কৃত উপসর্গ ২০টি। যথা:**

প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অপি, অভি, অতি, উপ, আ।

## বিদেশি উপসর্গ

**ফারসি উপসর্গ:** বদ, না, কম্, ফি, কার্, ব, বে, নিম, বর, দর।
**আরবি উপসর্গ:** গর্, লা, খয়ের, বাজে, আম, খাস।
**ইংরেজি উপসর্গ:** হেড, সাব, হাফ, ফুল।
**বি.দ্র.** আ সু বি নি চারটি উপসর্গ বাংলা ও তৎসম উপসর্গে আছে।

## বাংলা উপসর্গের প্রয়োগ

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| অ | নিন্দিত | অকেজো, অকাজ, অপয়া |
| | অভাব | অচিন, অজানা, অথৈ |
| | ক্রমাগত | অঝোরে |
| অঘা | বোকা | অঘারাম, অঘাচণ্ডী |
| অজ | নিতান্ত মন্দ | অজপাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর |
| অনা | অভাব | অনাবৃষ্টি, অনাদর |
| | ছাড়া | অনাসৃষ্টি, অনাচার |
| | অশুভ | অনামুখো |
| আ | অভাব | আকাঁড়া, আধোয়া,আলুনি |
| | বাজে/নিকৃষ্ট | আকাঠা, আগাছা, আকাল |
| আড় | বক্র | আড়চোখে, আড়নয়নে |
| | আধা, প্রায় | আড়ক্ষ্যাপা, আড়পাগলা |
| | বিশিষ্ট | আড়কোলা, আড়গড়া, আড়কাঠি |
| আন | না | আনকোরা |
| | বিক্ষিপ্ত | আনচান, আনমনা |
| আব | অস্পষ্টতা | আবছায়া, আবডাল |
| ইতি | এ বা এর | ইতিকর্তব্য, ইতিপূর্বে |
| | পুরনো | ইতিকথা, ইতিহাস |
| ঊনা/ঊন | কম | ঊনপাঁজুরে, ঊনিশ |
| কদ্ | নিন্দিত | কদবেল, কদর্য, কদাকার |
| কু | কুৎসিত/অপকর্ষ | কুঅভ্যাস, কুকথা, কুনজর |
| নি | নাই/নেতি | নিখুঁত, নিখোঁজ, নিখাদ, নিরেট, নিভাঁজ |
| পাতি | ক্ষুদ্র | পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু |
| বি | ভিন্নতা/নাই | বিভূঁই, বিফল, বিপথ |
| ভর | পূর্ণতা | ভরপেট, ভরসাঁঝ, ভরপুর, ভরদুপুর, |
| রাম | বড়/উৎকৃষ্ট | রাম ছাগল, রামবোকা, রামদা |
| স | সঙ্গে | সরাজ, সরব, সজোর, সপাট |
| সা | উৎকৃষ্ট | সাজিরা, সাজোয়ান |
| সু | উত্তম | সুনজর, সুখবর, সুদিন, সুনাম |
| হা | অভাব | হাপিত্যেশ, হাভাতে, হাঘরে, হা-হুতাশ |

## তৎসম (সংস্কৃত) উপসর্গের প্রয়োগ

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| প্র | প্রকৃত/সম্যক | প্রভাব, প্রস্ফুটিত, প্রচলন |
| | খ্যাতি | প্রসিদ্ধ, প্রতাপ,প্রভাব |
| | আধিক্য | প্রগাঢ়, প্রবল, প্রচার,প্রসার |
| | গতি | প্রবেশ, প্রস্থান |
| পরা | আতিশয্য | পরাকাষ্ঠা, পরাক্রম |
| | বিপরীত | পরাজয়, পরাভব |
| অপ | বিপরীত | অপচয়, অপমান, অপকার, অপবাদ |
| | নিকৃষ্ট | অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি |
| | স্থানান্তর | অপসারণ, অপহরণ, অপনোদন |
| | বিকৃত | অপমৃত্যু |
| সম্ | সম্মুখে | সমাগত, সম্মুখ |
| নি | নিষেধ | নিবৃত্তি |
| | নিশ্চয় | নিবারণ, নির্ণয় |
| | আতিশয্য | নিদাঘ, নিদারুণ |
| অব | হীনতা | অবজ্ঞা, অবমাননা |
| | নিম্ন | অবতরণ, অবরোহণ |
| অনু | পশ্চাৎ | অনুশোচনা, অনুগামী, অনুজ |
| | সাদৃশ্য | অনুবাদ, অনুরূপ, অনুকার |
| | পৌনঃপুন | অনুক্ষণ, অনুদিন, অনুশীলন |

| | | |
|---|---|---|
| নির | অভাব | নিরক্ষর, নির্জীব, নিরহঙ্কার |
| | বাহির/ বহির্মুখিতা | নির্গত, নিঃসরণ, নির্বাসন |
| দুর | মন্দ | দুর্ভাগ্য, দুর্দশা, দুর্নাম |
| | কষ্টসাধ্য | দুর্লভ, দুর্গম, দুরতিক্রম্য |
| বি | বিশেষরূপে | বিবস্ত্র, বিধৃত, বিশুদ্ধ, বিজ্ঞান, বিশুষ্ক |
| | অভাব | বিফল, বিনিদ্র, বিবর্ণ, বিশৃঙ্খল |
| সু | উত্তম | সুকণ্ঠ, সুকৃতি, সুচরিত্র |
| | সহজ | সুগম, সুসাধ্য, সুলভ |
| উৎ | আতিশয্য | উচ্ছেদ, উত্তপ্ত, উৎফুল্ল |
| | অপকর্ষ | উৎকোচ, উৎকট |
| অধি | আধিপত্য | অধিকার, অধিপতি, অধিবাসী |
| | ব্যাপ্তি | অধিবাস, অধিগত, অধিকার |
| পরি | বিশেষ | পরিপক্ব, পরিপূর্ণ, পরিবর্তন |
| | সম্যকরূপে | পরিশ্রান্ত, পরীক্ষা, পরিমাণ |
| প্রতি | সদৃশ | প্রতিমূর্তি, প্রতিধ্বনি |
| | বিরোধ | প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বী |
| উপ | সামীপ্য | উপকূল, উপকণ্ঠ |
| | সদৃশ | উপদ্বীপ, উপবন |
| | ক্ষুদ্রার্থে | উপগ্রহ, উপসাগর, উপনেতা |
| অভি | সম্যক | অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিভূত |
| | গমন | অভিযান, অভিসার |
| | সম্মুখ বা দিক | অভিমুখ, অভিবাদন |
| অতি | আতিশয্য | অতিশয়, অতিকায়, অত্যাচার |
| | অতিক্রম | অতিমানব, অতিপ্রাকৃত |
| আ | পর্যন্ত | আকণ্ঠ, আমরণ, আসমুদ্র |
| | ঈষৎ | আরক্ত, আভাস, আরক্তিম |
| অপি | অতিরিক্ত | অপিচ, অপনিহিতি |

## বিদেশি উপসর্গের প্রয়োগ

**ফারসি উপসর্গের প্রয়োগ:**

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| কার্ | কাজ | কারখানা, কারসাজি, কারচুপি |
| দর্ | মধ্যস্থ, অধীন | দরপত্তনি, দরপাট্টা, দরদালান, দরখাস্ত |
| না | না | নাচার, নারাজ, নামঞ্জুর, নাখোশ |
| নিম্ | আধা | নিমরাজি, নিমখুন |
| ফি | প্রতি | ফি-রোজ, ফি-হপ্তা, ফি-বছর |
| বদ্ | মন্দ/উগ্র | বদমেজাজি, বদরাগী, বদহজম |
| বে | না | বেআদব, বেআক্কেল, বেকায়দা |
| বর্ | বাইরে,মতে | বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ |
| ব | সহিত | বমাল, বনাম, বকলম |
| কম্ | স্বল্প | কমজোর, কমবখ্ত, কমবক্তা |

**আরবি উপসর্গের প্রয়োগ:**

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| আম্ | সাধারণ | আমদরবার, আমমোক্তার, আমজনতা |
| খাস | বিশেষ | খাসমহল, খাসকামরা, খাসদরবার |
| লা | না | লাজওয়াব, লাখেরাজ, লাপাত্তা |
| গর্ | অভাব | গরমিল, গরহাজির, গররাজি |
| বাজে | বিবিধ | বাজেখরচ, বাজেকথা |

**ইংরেজি উপসর্গের প্রয়োগ:**

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| ফুল | পূর্ণ | ফুল-হাতা, ফুল-বাবু, ফুল-প্যান্ট |
| হাফ | আধা | হাফ-হাতা, হাফ-টিকেট, হাফ-স্কুল |
| হেড | প্রধান | হেড-মাস্টার, হেড-পণ্ডিত |
| সাব | অধীন | সাব-জর্জ, সাব-ইন্সপেক্টর, সাব-রেজিস্টার |

**উর্দু-হিন্দি উপসর্গের প্রয়োগ:**

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| হর | প্রত্যেক | হররোজ, হরমাহিনা, হরকিসিম |
| হরেক | বিবিধ | হরেক রকম, হরেক খাবার |

## এক কথায় প্রশ্নোত্তর

**১. 'অপ' কী ধরনের উপসর্গ?**
উত্তর: সংস্কৃত।

**২. 'ফুল' কোন উপসর্গের উদাহরণ?**
উত্তর: ইংরেজি।

**৩. উপসর্গ কোথায় বসে?**
উত্তর: শব্দের পূর্বে।

**৪. বাংলা উপসর্গ কয়টি?**
উত্তর: ২১টি।

**৫. 'নিম' কোন ধরনের উপসর্গ?**
উত্তর: ফারসি।

**৬. কার অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে?**
উত্তর: উপসর্গের।

**৭. 'সমভিব্যাহার' শব্দে উপসর্গ কয়টি?**
উত্তর: ৪ টি।

**৮. 'অনাদর' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
উত্তর: খাঁটি বাংলা।

**৯. 'উপনয়ন' শব্দের 'উপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
উত্তর: বিশেষ।

## Teacher's Work

১. উপসর্গ কোন জাতীয় শব্দাংশ? [১৮তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক বিশেষ্য খ সর্বনাম গ অব্যয় ঘ বিশেষণ

২. খাঁটি বাংলা উপসর্গ কোনটি? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪]
ক পরা খ ইতি গ অধি ঘ পরি

৩. 'নিমরাজি' শব্দে 'নিম' কোন উপসর্গ? [সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় ধাপ)-২০২৪]
ক তৎসম উপসর্গ খ বিদেশি উপসর্গ গ তদ্ভব উপসর্গ ঘ বাংলা উপসর্গ

৪. 'খাসমহল' শব্দের 'খাস' উপসর্গটি কোন ভাষা থেকে জাত? [হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪]
ক ফারসি খ আরবি গ উর্দু ঘ হিন্দি

## Student Practice

১. কোনটি উভয় লিঙ্গ?
ক শিশু খ পুত্র
গ স্ত্রী ঘ দেবর — ক

২. কোনটি উভয় লিঙ্গ?
ক কলম খ বিদুষী
গ সন্তান ঘ কনে — গ

৩. কোনটি ক্লীবলিঙ্গ?
ক কন্যা খ স্বামী
গ বৃক্ষ ঘ ননদ — গ

৪. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?
ক সাহেব খ বেয়াই
গ সঙ্গী ঘ কবিরাজ — ঘ

৫. কেবল পুরুষ বোঝায় এমন শব্দ কোনটি?
ক শিক্ষিত খ শিশু
গ কৃতদার ঘ জীবিত — গ

৬. কোন শব্দটির স্ত্রীবাচক শব্দ নেই?
ক সিংহ খ কাপুরুষ
গ নর ঘ সম্রাট — খ

৭. কোনটি নিত্য পুংলিঙ্গ শব্দ নয়?
ক পুরোহিত খ কৃতদার
গ স্ত্রৈণ ঘ পাগল — ঘ

৮. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক এয়ো খ ধাত্রী
গ মালিনী ঘ নারী — ক

৯. কোনটি নিত্য স্ত্রীলিঙ্গ?
ক পিসি খ বিধবা
গ বনানী ঘ সতী — খ

১০. 'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কী?
ক বহুপত্নীক খ সধবা
গ বিপত্নীক ঘ অধবা — গ

১১. নিচের কোনটি স্ত্রীবাচক শব্দ নয়?
ক সুখী খ শ্বশ্রূ
গ প্রকৃতি ঘ একাদশী — ক

১২. নিত্য স্ত্রীবাচক শব্দ নয় কোনটি?
ক সতিন খ সৎমা
গ দাই ঘ ঠাকরুন — ঘ

১৩. 'পত্নী' অর্থে ব্যবহৃত স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক নেত্রী খ বিদুষী
গ নানি ঘ কিশোরী — গ

১৪. 'দেবর' শব্দের স্ত্রী লিঙ্গ কোনটি?
ক নন্দাই খ ননদ
গ ভাবী ঘ দেবী — খ

১৫. নিচের কোনটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে?
ক শুক খ দেবর
গ খোকা ঘ কুলি — খ

১৬. ক্লীবলিঙ্গ শব্দ কোনটি?
ক গাড়ি খ মানুষ
গ পাখি ঘ শিক্ষক — ক

১৭. নিচের কোনটি ক্লীবলিঙ্গ বুঝায়?
ক ছেলে খ বর
গ খাতা ঘ মালা — গ

১৮. নিচের কোন শব্দটি ক্লীবলিঙ্গ?
ক ফুল খ মানুষ
গ মৃগী ঘ পিতা — ক

১৯. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক দুলা খ ঠাকবুন
গ বিবি ঘ সধবা — ঘ

২০. নিত্য স্ত্রীবাচক শব্দের উদাহরণ কোনটি?
ক গোপিনী খ শাঁকচুন্নি
গ মালিনী ঘ কাঙালিনী — খ

২১. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?
ক অন্তঃসত্ত্বা খ চৌধুরানী
গ ননদিনী ঘ বন্ধুপত্নী — ক

২২. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?
ক অরক্ষণীয়া খ মুহতারিমা
গ সভানেত্রী ঘ হিমানী — ক

২৩. 'নাপিত' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?
ক নাপিতানী খ নাপিতা
গ নাপিত বৌ ঘ নাপিতিনী — ক

২৪. 'গণক' শব্দটির স্ত্রী লিঙ্গ কোনটি?
ক গণিকা খ গণকী
গ গণকিনী ঘ গণকা — খ

২৫. 'চতুর্দশ' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক চতুর্দশি খ চতুর্দশা
গ চতুর্দশী ঘ চতুর্দশক — গ

২৬. পুরুষবাচক শব্দ কোনটি?
ক রজকী খ মায়াবী
গ বৈষ্ণবী ঘ শ্রোত্রী — খ

২৭. 'মালী' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক মালা খ মালিকা
গ মালিনী ঘ মালিনি — গ

২৮. 'জমিদার' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?
ক জমিদারনী খ জমিদারিনী
গ জমিদার পত্নী ঘ জমিদার কন্যা — ক

২৯. নিচের কোন বহুবচনটি সঠিক?
ক মনুষ্যসকল খ মনুষ্যসমূহ
গ পাখিসব ঘ সবগুলোই — ঘ

৩০. নিচের কোনটিতে বহুবচনের অশুদ্ধ ব্যবহার হয়েছে?
ক পাখিসব খ বুধমালা
গ পণ্ডিতসভা ঘ নেতৃবর্গ — খ

৩১. 'কাগজ' এর বহুবচন কোনটি?
ক কাগজাত খ কাগজগুলো
গ কাগজসমূহ ঘ কাগজাদী — ক

৩২. 'আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান' এই বাক্যে কোন ধরনের ভুল আছে?
ক কালগত খ বচনগত
গ বিশেষণের ঘ লিঙ্গগত — ঘ

৩৩. 'গীতিকা' শব্দটি কোন অর্থে স্ত্রী লিঙ্গ?
ক সমার্থে খ বৃহদার্থে
গ ক্ষুদ্রার্থে ঘ বিপরীতার্থে — গ

৩৪. 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?
ক সমার্থে খ বৃহদার্থে
গ বিপরীতার্থে ঘ ক্ষুদ্রার্থে — ঘ

৩৫. 'মালা' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?
ক মালিকা খ মালী
গ মালীনী ঘ মালিনী — ক

৩৬. 'অরণ্য' এর লিঙ্গান্তর কী?
ক আরণ্য খ অরণী
গ অরণ্য ঘ অরণ্যানী — ঘ

৩৭. বৃহৎ অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক যোগিনী খ অরণ্যানী
গ ক্ষত্রিয়ানী ঘ গীতিকা — খ

৩৮. নিচের কোনটির লিঙ্গান্তর অশুদ্ধ?
ক অবল-অবলা খ বাসন্তী-বসন্ত
গ ধাত্রা-ধাত্রী ঘ অভাব-অভাবী — ঘ

৩৯. কোনটি ভিন্নার্থক স্ত্রীবাচক শব্দ?
ক নাটিকা খ পুস্তিকা
গ বনানী ঘ কাঠি — গ

৪০. পুরুষবাচক শব্দ নয়–
ক বেঙ্গমা খ দীর্ঘাঙ্গী
গ বর্ষীয়ান ঘ দুঃখী — খ

৪১. কোনটি একবচনের উদাহরণ?
ক বনে বাঘ থাকে খ শিক্ষক ছাত্রকে পড়াচ্ছেন
গ মানুষ মরণশীল ঘ লোকে বলে — খ

৪২. নিচের কোনটি বহুবচনজ্ঞাপক শব্দ কেবল অপ্রাণিবাচক শব্দের সঙ্গে যুক্ত?
ক বৃন্দ খ কুল
গ বর্গ ঘ দাম — ঘ

৪৩. 'কুসুম' শব্দের সঙ্গে বহুবচনের কোন রূপটি মানান সই?
ক নিচয় খ মালা
গ দাম ঘ রাজি — ক, গ

৪৪. প্রাণি ও অপ্রাণি উভয় শব্দে ব্যবহৃত হয়–
ক সমূহ খ মালা
গ রাজি ঘ সবগুলো — ক

৪৫. কীসের প্রভাবে অর্থ সংকুচিত, সম্প্রসারিত ও পরিবর্তিত হয়?
ক সন্ধি খ অনুসর্গ
গ উপসর্গ ঘ প্রত্যয় — গ

৪৬. 'দুর্নীতির কারণ অনুসন্ধান অত্যাবশ্যক।' বাক্যটিতে উপসর্গ আছে–
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি — খ

৪৭. 'নাবালক' শব্দের 'না' উপসর্গ কোন ভাষা থেকে এসেছে?
ক আরবি খ ফারসি
গ হিন্দি ঘ ইংরেজি — খ

৪৮. কোন গুচ্ছ বিদেশি উপসর্গ?
ক নিম, ফি খ বদ্, পরি
গ অপি, সু ঘ অনা, ফুল — ক

৪৯. বর, বদ ও বাজে কোন শ্রেণির উপসর্গ?
ক বিদেশি খ খাঁটি বাংলা
গ তৎসম ঘ তদ্ভব — ক

৫০. 'বদমেজাজি' শব্দের 'বদ' কোন ধরনের উপসর্গ?
ক বাংলা খ ফারসি
গ আরবি ঘ হিন্দি — খ

৫১. 'বেগতিক' শব্দে ব্যবহৃত 'বে' কোন ধরনের উপসর্গ?
ক বাংলা খ সংস্কৃত
গ আরবি ঘ ফারসি — ঘ

৫২. কোনটি আরবি উপসর্গ?
ক ফি খ বদ
গ খাস ঘ প্রতি — গ

৫৩. 'গরহাজির' শব্দে 'গর' কোন শ্রেণির উপসর্গ?
ⓚ ফারসি ⓚ আরবি
ⓖ উর্দু ⓖ হিন্দি — খ

৫৪. বিদেশি উপসর্গের উদাহরণ কোনটি?
ক অঘা, অজ, পাতি খ প্র, পরা, অপ
গ গর, বদ, বে ঘ চলন্ত, নিভন্ত, পড়ন্ত — গ

৫৫. 'বিবর্ণ' শব্দের 'বি' কোন ধরনের উপসর্গ?
ক তৎসম খ খাঁটি বাংলা
গ ফারসি ঘ হিন্দি — ক

৫৬. নিচের কোনটি তৎসম উপসর্গ?
ক প্রতি + বাদ খ অঘা + চণ্ডী
গ খাস + জমি ঘ লা + জাওয়াব — ক

৫৭. তৎসম/সংস্কৃত উপসর্গ কোনটি?
ক কার খ লা
গ নিম ঘ অনু — ঘ

৫৮. নিচের কোনটি তৎসম উপসর্গ নয়?
ক দ্বারা খ অভি
গ উপ ঘ সম — ক

৫৯. কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?
ক পরাকাষ্ঠা খ অভিব্যক্তি
গ পরিশ্রান্ত ঘ অনাবৃষ্টি — ঘ

৬০. 'অনাবৃষ্টি' শব্দটিতে 'অনা' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক অভাব খ অশুভ
গ নিকৃষ্ট ঘ পুরনো — ক

৬১. খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?
ক ঊনবিংশ খ উপকূল
গ দরখাস্ত ঘ নির্দেশ — ক

৬২. যে উপসর্গঘটিত শব্দে 'ক্ষুদ্র' অর্থ আছে–
ক অনুরাগ খ নিমরাজি
গ কমজোর ঘ পাতকুয়ো — ঘ

৬৩. নিচের কোন শব্দে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?
ক বেমালুম খ বেশরম
গ বেধরক ঘ বিপথ — ঘ



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. 'আমি' শব্দটি কোন লিঙ্গ? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক পুংলিঙ্গ খ স্ত্রী লিঙ্গ
গ ক্লীব লিঙ্গ ঘ উভয় লিঙ্গ — ঘ

২. কোনটির আগে স্ত্রীবাচক শব্দ যুক্ত করে লিঙ্গান্তর করতে হয়? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক নেতা খ কবি
গ দাতা ঘ বাদশাহ — খ

৩. 'অনাথ' এর স্ত্রীলিঙ্গ কী? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)'২৪]
ক অনাথীনি খ অনাথিনী
গ অনাথি ঘ নাথবতী — খ

৪. 'ক্ষুদ্রার্থে' নারীবাচক শব্দ কোনটি? [বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী)'২৪]
ক মালিকা খ বালিকা
গ কুমারী ঘ নবীনা — ক

৫. কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ? [নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পদ-২০২৪]
ক মা খ সতিন
গ ঠাকরুন ঘ বোন — খ

৬. নিচের কোনটি ক্লীব লিঙ্গ? [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক মাতা খ ছেলে
গ টেবিল ঘ গাভী — গ

৭. 'সাথী' শব্দটি কোন লিঙ্গ? [সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]
ক পুং লিঙ্গ খ স্ত্রী লিঙ্গ
গ ক্লীব লিঙ্গ ঘ উভয় লিঙ্গ — ঘ

৮. নিচের কোন শব্দটি নিত্য পুরুষবাচক? [বাংলাদেশ সুপ্রিমকোর্ট (হাইকোর্ট বিভাগ), প্রটোকল অফিসার-'২৩]
ক ডাক্তার খ শিল্পী
গ পুরোহিত ঘ সভ্য — গ

৯. কোনটি ভিন্নার্থক স্ত্রীবাচক শব্দ? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, এরোড্রোম কর্মকর্তা-'২৩]
ক নাটিকা খ পুস্তিকা
গ বনানী ঘ কাঠি — গ

১০. 'চঞ্চল' এর স্ত্রীলিঙ্গ কী? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, অফিস সহায়ক-'২৩]
ক চঞ্চলমতি খ চঞ্চলময়ী
গ চঞ্চলা ঘ চঞ্চলবতী — গ

১১. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নিরাপত্তা বোর্ড-'২৩]
ক সাহেব খ সঙ্গী
গ বেয়াই ঘ কবিরাজ — ঘ

১২. 'কুহক' এর স্ত্রীবাচক শব্দ কোনটি? [প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, কম্পিউটার অপারেটর/সাঁটলিপিকার/উচ্চমান সহকারী-'২৩]
ক কুহকিনী খ কুহকীনি
গ কুহকী ঘ কুহকি — ক

১৩. সাধারণ অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, জুনিয়র শিক্ষক-'২৩]
ক নানি খ দাদি
গ শিক্ষিকা ঘ মামি — গ

১৪. বচন অর্থ কী? [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা-২০২৪]
ক সংখ্যার ধারণা খ গণনার ধারণা
গ ক্রমের ধারণা ঘ পরিমাপের ধারণা — ক

১৫. নিচের কোনটি ক্ষুদার্থে স্ত্রীলিঙ্গ? [প. অ. (অফিস সহায়ক)'২৩]
ক গীতিকা খ হিমানী গ আয়া ঘ লেডি — ক

১৬. 'গরু' কোন শব্দ (লিঙ্গ)? [বি.বা.এ.লি. (এডমিন অ্যাসিস্টেন্ট)'২৩]
ক পুংলিঙ্গ খ স্ত্রীলিঙ্গ
গ উভয়লিঙ্গ ঘ কোনোটিই নয় — গ

১৭. 'বৃক্ষ' শব্দের বহুবচন কী? [বা. প. বি.বো. (জেনারেল ম্যানেজার (প্রশাসন/ মানবসম্পদ)'২২]
ক বৃক্ষরা খ বৃক্ষগুলো
গ বৃক্ষবর্গ ঘ বৃক্ষসমূহ ঘ

১৮. 'সাহেব' শব্দের বহুবচন কোনটি? [ম.বি. (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২]
ক সাহেবগণ খ সাহেবমন্ডলী
গ সাহেবকুল ঘ সাহেবান ঘ

১৯. নিচের কোনটি একবচনের উদাহরণ? [ঘি.ম.নি.কা. (অফিস সহায়ক)'২২]
ক মানুষ মরণশীল খ লোকে বলে
গ ডাক্তার রুগী দেখছে ঘ বনে বাঘ বাস করে গ

২০. 'কবিতা' শব্দের বহুবচন কোনটি? [ম.ঘি.নি.কা. (জুনিয়র অডিটর)'২২]
ক কবিতাগুচ্ছ খ কবিতামালা
গ কবিতারাজি ঘ কবিতাসমূহ ক

২১. 'পুরুষ বা স্ত্রী নির্দেশক সূত্রকে ব্যাকরণে কী বলে? [কি.নি.প্র. (শিক্ষক) (স্কুল)'২২]
ক বচন খ লিঙ্গ
গ বাক্য ঘ বাগর্থ খ

২২. 'মহীয়ান' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি? [প.প.অ. (সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা)'২২]
ক মহীয়সী খ মহিয়সী
গ মহিয়সি ঘ মহীয়সী ক

২৩. কোন শব্দের নারীবাচক শব্দ হয় না? [বা.প.উ.বো. (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২২]
ক শিক্ষক খ গুরু
গ বাঘ ঘ সভাপতি ঘ

২৪. নিচের কোন শব্দটির কোনো লিঙ্গান্তর হয় না? [বা.প.উ.বো. (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২২]
ক ঢাকী খ সেবিকা
গ মালী ঘ সুন্দর ক

২৫. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? [কি.নি.প্র. (শিক্ষক) (স্কুল)'২২]
ক জেঠী খ পাগলী
গ বেঙ্গমী ঘ সৎমা ঘ

২৬. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ? [বা.নি.ক. (অফিস অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২]
ক কুলটা খ যোগিনী
গ রজকী ঘ চাতকী ক

২৭. দুটি পুরুষবাচক শব্দ রয়েছে কোনটির? [গ অ. (ইউনিয়ন সমাজকর্মী)'২২]
ক ননদ খ প্রিয়া
গ শিষ্যা ঘ আয়া ক

২৮. 'মানুষ মরণশীল'- এ বাক্যে 'মানুষ' শব্দটি কোন লিঙ্গ? [ক.জে.ডি.ফা. (জুনিয়র অডিটর)'২২]
ক পুংলিঙ্গ খ স্ত্রীলিঙ্গ
গ উভয়লিঙ্গ ঘ ক্লীবলিঙ্গ গ

২৯. কোনটির শুধু স্ত্রীবাচক হয়? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২): ১৪]
ক সন্তান খ সৎমা গ ঢাকী ঘ ঘোষজা খ

৩০. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ? [১২তম শিক্ষক নিবন্ধন : ১৫]
ক হুজুরাইন খ ঠাকরুন
গ পাগলী ঘ ডাইনি ঘ

৩১. 'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর হয়েছে কোন শব্দটি?
[চতুর্দশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল – ২) : ১৭]
ক অরণ্যানী খ চাকরানী
গ ভাগনী ঘ মেধাবিনী ঘ

৩২. বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না?
[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক বিশেষণ খ অব্যয়
গ সর্বনাম ঘ বিশেষ্য খ

৩৩. 'চাকরানি' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত?
[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০১]
ক ই খ ঈ
গ আনি ঘ নী গ

৩৪. ঈ -প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়েছে কোনটি?
[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]
ক জেলেনি খ অনাথিনী
গ ছাত্রী ঘ মেছোনী গ

৩৫. 'ধাত্রী' শব্দটি কোন লিঙ্গ? [প্রাথমিক শিক্ষা সহকারী শিক্ষক : ৯৯]
ক পুংলিঙ্গ খ স্ত্রীলিঙ্গ
গ ক্লীব লিঙ্গ ঘ উভয় লিঙ্গ খ

৩৬. কোনটির আগে স্ত্রীবাচক শব্দযোগে লিঙ্গান্তর করতে হয়?
[পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৮]
ক নেতা খ কবি
গ দাতা ঘ বাদশাহ খ

৩৭. কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক বিদ্বান খ গায়ক
গ কোকিল ঘ দাদা ক

৩৮. 'মরদ' এর বিপরীত লিঙ্গ কোনটি? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ক মর্দ খ জেনানা
গ জেনানী ঘ মরদী খ

৩৯. নিচের কোনটির পুরুষবাচক শব্দ ?
[পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায় ২) : ১২]
ক বেহান খ ঠাকুরঝি
গ শঙ্খী ঘ দীর্ঘাঙ্গী গ

৪০. নিচের কোনটি 'নিত্য নারীবাচক' শব্দ? [Janata Bank Executive Officer '18]
ক সম্রাজ্ঞী খ গুণবতী
গ নন্দিনী ঘ সপত্নী ঘ

৪১. নিচের কোন বহুবচনজ্ঞাপক শব্দ কেবল প্রাণীবাচক শব্দের সঙ্গে যুক্ত হতে পারে? [Janata Bank Executive Officer : 17]
ক মালা খ শ্রেণি
গ সভা ঘ আবলি গ

৪২. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার' ১৮]
ক সাহেব খ বেয়াই
গ সঙ্গী ঘ কৃতদার ঘ

৪৩. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ? [১২তম শিক্ষক নিবন্ধন পরিক্ষা- ২০১৫]
ক ডাইনি খ সম্রাজ্ঞী
গ মানুষ ঘ সভানেত্রী ক

৪৪. 'শিশু' শব্দটি কোন লিঙ্গ? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী- ২০১১]
ক উভয় লিঙ্গ খ স্ত্রীলিঙ্গ
গ ক্লীব লিঙ্গ ঘ পুংলিঙ্গ ক

৪৫. 'দালান' শব্দটি কোন লিঙ্গ? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী-১১]
ক উভয় লিঙ্গ খ স্ত্রীলিঙ্গ
গ ক্লীবলিঙ্গ ঘ কোনোটিই নয় গ

৪৬. 'সমিতি' কোন লিঙ্গ? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর- ২০২১]
ক ক্লীব লিঙ্গ খ পুংলিঙ্গ
গ স্ত্রীলিঙ্গ ঘ উভয় লিঙ্গ ক

**৪৭. নিচের কোন শব্দ বহুবচনজ্ঞাপক?** [পূবালী ব্যাংক (সিনিয়র অফিসার): ২০১৭]
ক বলাকা   খ বনস্পতি
গ নক্ষত্র   ঘ মৈনাক   **ক**

**৪৮. 'বচন' কয় প্রকার-** [অর্থ মন্ত্রণালয়ের অধীনে সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক'০৭]
ক ৩   খ ১
গ ৪   ঘ ২   **ঘ**

**৪৯. বহুবচন কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট'১০; সহকারী জজ নিয়োগ পরীক্ষা'০৮]
ক শিক্ষকমণ্ডলী   খ সম্পাদকমণ্ডলী
গ জনগণ   ঘ সবগুলো   **ঘ**

**৫০. বহুবচনজ্ঞাপক শব্দবিভক্তি কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ০৬-০৭]
ক গাছ   খ গাছা
গ গজ   ঘ গ্রাম   **ঘ**

**৫১. অপ্রাণিবাচক শব্দ-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী): ২০১৫]
ক কবিকুল   খ পাখিকুল
গ কমলনিকর   ঘ বুজুর্গান   **গ**

**৫২. বহুত্ববাচক শব্দ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক বিদ্যুদ্দাম   খ বুজুর্গ
গ সেপাই   ঘ তারা   **ঘ**

**৫৩. 'সেতার'-এর 'সে' কোন অর্থে দ্যোতনা করে?** [এবি ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার'১৪]
ক তার   খ অনেক
গ প্রত্যেক   ঘ সকল   **খ**

**৫৪. 'গণকার' শব্দে 'গণ' কথাটি ব্যবহৃত হয়েছে-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়'০৪-'১৫]
ক সাধারণ অর্থে   খ বহুবচন অর্থে
গ মানুষ অর্থে   ঘ বিশেষ অর্থে   **খ**

**৫৫. কীসের ভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না?** [স্ট্যান্ডার্ড ব্যাংক লি. সহকারী অফিসার: ২০১২]
ক উপস্থাপন   খ বচন
গ বর্ণনা   ঘ অর্থ   **খ**

**৫৬. উপসর্গযুক্ত শব্দ–** [৪৬তম বিসিএস]
ক বিদ্যা   খ বিদ্রোহী
গ বিষয়   ঘ বিপুল   **খ**

**৫৭. 'নিমরাজি' শব্দে 'নিম' কোন উপসর্গ?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২৪]
ক তৎসম উপসর্গ   খ বিদেশি উপসর্গ
গ তদ্ভব উপসর্গ   ঘ বাংলা উপসর্গ   **খ**

**৫৮. উপসর্গ কোনটি?** [বাংলাদেশ বন অধিদপ্তর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-'২৩]
ক অতি   খ থেকে
গ চেয়ে   ঘ দ্বারা   **ক**

**৫৯. উপসর্গের কাজ কী** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২৪]
ক নতুন শব্দ গঠন করা   খ শব্দের বিরতি প্রদর্শন
গ শব্দের অর্থ দেখানো   ঘ কোনোটিই নয়   **ক**

**৬০. উপসর্গ কোন জাতীয় শব্দাংশ?** [১৮তম শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)-২০২৪]
ক বিশেষ্য   খ সর্বনাম
গ অব্যয়   ঘ বিশেষণ   **গ**

**৬১. বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম উপসর্গের মোট সংখ্যা কত?** [প্রাথমিক সহকারী শিক্ষক (৩য় পর্যায়)-২০২৪; বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, মিটার রিডার-'২৩; বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার-'২৩]
ক ১২   খ ২৪
গ ২০   ঘ ৩২   **গ**

**৬২. বিদেশি উপসর্গযোগে গঠিত শব্দ-** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (সিনিয়র স্টাফ নার্স)'২৪]
ক সুখবর   খ অতিবৃষ্টি
গ অভিষেক   ঘ আমজনতা   **ঘ**

**৬৩. কোনটি তৎসম উপসর্গ নয়?** [হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪]
ক প্রতি   খ অতি
গ অভি   ঘ অনা   **ঘ**

**৬৪. বাংলা উপসর্গ কয়টি?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর)'২৪; বাংলাদেশ ডাক বিভাগ (পোস্টম্যান/ রানার/ অফিস সহায়ক)'২৪]
ক ১৫টি   খ ২০টি
গ ২১টি   ঘ ১০টি   **গ**

**৬৫. কোন শব্দটি উপসর্গ দিয়ে গঠিত হয়েছে?** [সমন্বিত ১০টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, Senior Officer-'২৩,৩৯তম বিসিএস]
ক আষাঢ়   খ আঘাটা
গ আয়না   ঘ আনন   **খ**

**৬৬. 'পাতিহাঁস' শব্দে 'পাতি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি সিনিয়র অফিসার-'২৩]
ক কম   খ অভাব
গ নেতি   ঘ ক্ষুদ্র   **ঘ**

**৬৭. খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট শব্দ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]
ক আঁকড়া   খ অবেলা
গ অপমান   ঘ অতিশয়   **খ**

**৬৮. বাংলা ভাষায় প্রচলিত ইংরেজি উপসর্গ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]
ক সাব   খ কার   গ ফি   ঘ বে   **ক**

**৬৯. 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (BPSC), স্টাফ অফিসার-'২৩]
ক বিপরীত   খ নিকৃষ্ট   গ বিকৃত   ঘ অভাব   **ক**

**৭০. নিচের কোনটি বিদেশি উপসর্গযুক্ত শব্দ?** [বাংলাদেশ সুপ্রিমকোর্ট (হাইকোর্ট বিভাগ), প্রটোকল অফিসার-'২৩]
ক দরদালান   খ হাভাতে   গ পাতকুয়া   ঘ অপয়া   **ক**

**৭১. 'অপ' কোন ধরনের উপসর্গ?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), লাইন ক্রু; লেভেল-১-'২৩]
ক সংস্কৃত   খ বাংলা   গ বিদেশি   ঘ মিশ্র   **ক**

**৭২. 'লাপাত্তা' শব্দে 'লা' উপসর্গটি কোন ভাষার?** [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), অফিস সহায়ক-'২৩]
ক আরবি   খ ফারসি   গ পর্তুগিজ   ঘ উর্দু   **ক**

**৭৩. উপসর্গযোগে গঠিত শব্দ হলো-** [কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক নবান্ন   খ আকাল   গ পঞ্চনদ   ঘ ঢাকাই   **খ**

**৭৪. 'সরস' শব্দের 'স' উপসর্গ কী অর্থ প্রকাশ করে?** [প.ম. (সহকারী পরিচালক)'২৩]
ক ক্ষুদ্র   খ সঙ্গে   গ বিশাল   ঘ অভাব   **খ**

**৭৫. 'অভাব অর্থে' ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?** [বা.প.বি.বো. (সহকারী সচিব)'২৩]
ক অকাজ   খ আবছায়া   গ আলুনি   ঘ নিখুঁত   **গ**

**৭৬. 'বরখেলাপ' শব্দে 'বর' কোন ধরনের উপসর্গ?** [বা. নি.ক.(অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর)'২৩]
ক খাটি বাংলা   খ তৎসম
গ আরবি   ঘ ফারসি   **ঘ**

**৭৭. 'নিমরাজি' শব্দে 'নিম' কোন ভাষার উপসর্গ?** [কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩; মা.উ.কি.অ. (হিসাব সহকারী)'২৩; কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২২]
ক বাংলা   খ ফারসি   গ আরবি   ঘ হিন্দি   **খ**

৭৮. 'সু' উপসর্গযোগে গঠিত 'সুনজর' শব্দটিতে অর্থের কী ঘটেছে? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, জুনিয়র শিক্ষক-'২৩]
ক সম্প্রসারণ খ সংকোচন
গ সংযোজন ঘ কাছে আসা ক

৭৯. নিচের কোনটি অনুসর্গ? [বাংলাদেশ বন অধিদপ্তর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-'২৩]
ক পার খ পাড় গ ব্যতীত ঘ নড়া গ

৮০. অনুসর্গকে কতভাগে ভাগ করা যায়? [প.প.অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা)'২৩]
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ ক

৮১. কোনটি বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়? [বিআরডিবি সহকারী পল্লি উন্নয়ন কর্মকর্তা: ২৩]
ক শব্দ বিভক্তি খ অনুসর্গ
গ উপসর্গ ঘ কোনটিই নয় খ

৮২. উপসর্গ একটি শব্দে নিচের কোন ধরনের পরিবর্তন আনতে পারে? [বিসিআইসি (সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)'২২]
ক সংগঠনগত খ অর্থগত
গ অর্থের সম্প্রসারণ ঘ ক, খ ও গ সবগুলোই ঘ

৮৩. উপসর্গের কাজ কী? [গ.জ.অ. (কার্য-সহকারী)'২২; ঘি.ম.নি.কা. (অফিস সহায়ক)'২২]
ক নতুন শব্দ গঠন খ ভাবের পার্থক্য নিরূপণ
গ অর্থ পরিবর্তন ঘ বর্ণ সংস্করণ ক

৮৪. 'উৎক্ষিপ্ত' শব্দে 'উৎ' কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [ব.অ.নৌ.ক (অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২]
ক ঊর্ধ্বে খ প্রস্তুতি গ ক্ষিপ্রতা ঘ নিশ্চয়তা ক

৮৫. 'বিজ্ঞান' শব্দের 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে? [পা.জে.উ. (রাজশাহী) (উচ্চমান সহকারী)'২২]
ক বিশেষ খ অভাব গ গতি ঘ সাধারণ ক

৮৬. 'বদনাম' শব্দের 'বদ' কোন ভাষার উপসর্গ? [ক.অ.জে.(সিনিয়র অ্যাকাউন্টস ক্লার্ক)'২২]
ক বাংলা খ ফারসি গ আরবি ঘ হিন্দি খ

৮৭. কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে? [৩২তম বিসিএস; পল্লী বিদ্যুৎ অফিসার- '১৩]
ক পরাকাষ্ঠা খ অভিব্যক্তি গ পরিশ্রান্ত ঘ অনাবৃষ্টি ঘ

৮৮. কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [৩৯তম বিসিএস]
ক উপসাগর খ উপনেতা গ উপভোগ ঘ উপগ্রহ গ

৮৯. 'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত? [৩৭তম বিসিএস]
ক দেশি উপসর্গযোগে খ বিদেশি উপসর্গযোগে
গ সংস্কৃত উপসর্গযোগে ঘ কোনোটি নয় ক

৯০. বাংলা ভাষার উপসর্গ কত প্রকার? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়)'১৯]
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫ খ

৯১. 'লাজওয়াব' শব্দটির 'লা' কোন ধরনের উপসর্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক ফারসি উপসর্গ খ হিন্দি উপসর্গ
গ ইংরেজি উপসর্গ ঘ আরবি উপসর্গ ঘ

৯২. 'সুনাম' শব্দের 'সু' কোন উপসর্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়)'১৯]
ক ফারসি খ সংস্কৃত গ বাংলা ঘ আরবি গ

৯৩. কোনটি খাঁটি বাংলা উপসর্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকালী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯/প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক আভাস খ অজানা গ গরমিল ঘ বেমালুম খ

৯৪. 'অজপাড়াগাঁ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক গভীর খ নিবিড় গ প্রত্যন্ত ঘ আদি গ

৯৫. 'পরাজয়ের'– এ শব্দটিতে কোনটি উপসর্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক জয় খ পরা গ এর ঘ জয়ের খ

৯৬. কোনটি উপসর্গ নিষ্পন্ন শব্দ? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক'০৯]
ক প্রত্যেক খ পুকুরে গ বড়াই ঘ নিবাস ঘ

৯৭. 'প্রতিকৃতি' শব্দটির উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? [ঢাবি (খ- ইউনিট): ২০১৫-১৬]
ক সাদৃশ্য খ বিপরীত গ ভিন্ন ঘ সম্মুখ ক

৯৮. বিদেশি উপসর্গ যোগে গঠিত শব্দ নয় কোনটি? [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ক কদবেল খ নিমতিতা গ হররোজ ঘ গরহাজির ক

৯৯. 'অবশেষে' শব্দটির 'অব' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০১]
ক নিম্নে খ অল্পতা গ প্রতিকূল ঘ সম্যকভাবে খ

১০০. 'উপগ্রহ' শব্দটির 'উপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০২]
ক ক্ষুদ্র খ বিশেষ গ সামীপ্য ঘ সদৃশ্য ক

১০১. উপসর্গ নিষ্পন্ন শব্দ কোনটি? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক'০৮]
ক বড়াই খ অভিমুখ গ ছাত্রকে ঘ চৌরাস্তা খ

১০২. 'কারসাজি' শব্দে কোন ভাষার উপসর্গ ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]
ক আরবি খ ফারসি গ সংস্কৃত ঘ ইংরেজি খ

১০৩. 'আমমোক্তার' শব্দে ব্যবহৃত 'আম' কোন বিদেশি উপসর্গ? [বেপজা (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক পদে নিয়োগ পরীক্ষা- ২০২১]
ক ফারসি খ ইংরেজি গ আরবি ঘ হিন্দি গ

১০৪. অঘা বাস করে অজ পাড়া গাঁয়ে 'অঘা ও অজ' কোন ধরনের উপসর্গ– [প্রাথমিক মিক্ সক নিয়োগ পরীক্ষা- ২০১৯]
ক খাঁটি বাংলা খ বিদেশি গ তৎসম ঘ তদ্ভব ক

১০৫. সুন্দর শব্দের 'সু' কোন ধরনের উপসর্গ? [প্রাথমিক মিক্ সক নিয়োগ পরীক্ষা'১৯]
ক বাংলা খ বিদেশি গ তৎসম ঘ তদ্ভব ক

১০৬. কোনটি খাঁটি বাংলা উপসর্গ? [বাংলাদেশ শিপিং করপোরেশন সিনিয়র অ্যাসিসট্যান্ট পদে নিয়োগ'১৮]
ক ইতি খ অব গ অতি ঘ পরি ক

১০৭. শব্দ বা ধাতুর পূর্বে যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে ঐসব শব্দাংশকে বলে– [ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা'১৮]
ক অনুসর্গ খ উপসর্গ গ প্রত্যয় ঘ পারিভাষিক খ

১০৮. প্র, পরা, অপ- কোন ধরনের উপসর্গ? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ: '১৭]
ক সংস্কৃত উপসর্গ খ বাংলা উপসর্গ
গ বিদেশি উপসর্গ ঘ কোনোটিই না ক

১০৯. 'নিদাঘ' শব্দে 'নি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা '১৭]
ক বিশেষ খ নিশ্চয় গ আতিশয্য ঘ সম্যক গ

১১০. অভাব বুঝিয়েছে কোন উপসর্গ? [ঢাবি (ঘ ইউনিট): ২০১৬-১৭]
ক বিশুষ্ক খ বিবর্ণ গ অনুজ ঘ বিক্ষেপ খ

১১১. 'উপ' উপসর্গযোগে গঠিত কোন শব্দ 'ক্ষুদ্রার্থে' প্রযুক্ত? [ঢাবি (ঘ ইউনিট)'১৪-১৫]
ক উপকূল খ উপকণ্ঠ গ উপবন ঘ উপসাগর ঘ

১১২. 'আগমন' শব্দটির 'আ' কোন অর্থে ব্যবহৃত? [জবি (ঘ- ইউনিট): ১৫-১৬]
ক বিপরীত খ সদৃশ গ পর্যন্ত ঘ ঈষৎ ক

১১৩. 'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে? [জবি (খ- ইউনিট):'১৬-১৭]
ক প্রত্যয়যোগে খ সমাসযোগে
গ উপসর্গযোগে ঘ সন্ধিযোগে গ

১১৪. কোন শব্দটি আরবি উপসর্গযোগে গঠিত? [ঢাবি (খ- ইউনিট): ২০১৪-১৫]
ক গরমিল খ নালায়েক গ হররোজ ঘ কমজোর ক

১১৫. 'অনা' উপসর্গটি নিচের কোন শব্দে খারাপ অর্থে ব্যবহৃত হয়েছে? [জবি (খ- ইউনিট): ২০১৪-১৫]
ক অনাসৃষ্টি খ অনাদর গ অনালোক ঘ অনাচার ক

১১৬. কোন শব্দটি খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর পদে নিয়োগ পরীক্ষা: ২০১৮]
ক প্রবাহ খ খয়ের খাঁ গ অজপাড়াগাঁ ঘ বেআদব গ

১১৭. কোন ৪টি উপসর্গ বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে দেখা যায়? [ঢাবি খ ইউনিট'১২]
ক সু, বি, নি, অ খ স, সা, বি, নি
গ সু, বি, নি, আ ঘ সু, বি, নি, হা গ

# NTRCA Class Test

১. 'আমি' শব্দটি কোন লিঙ্গ?
ক পুংলিঙ্গ
খ স্ত্রীলিঙ্গ
গ ক্লীবলিঙ্গ
ঘ উভয় লিঙ্গ

২. 'গণকবর' শব্দের 'গণ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক বহুবচন
খ মানুষ
গ বিশেষ
ঘ সাধারণ

৩. উপসর্গ কোন জাতীয় শব্দাংশ?
ক বিশেষ্য
খ সর্বনাম
গ অব্যয়
ঘ বিশেষণ

৪. 'নিমরাজি' শব্দে 'নিম' কোন উপসর্গ?
ক তৎসম উপসর্গ
খ বিদেশি উপসর্গ
গ তদ্ভব উপসর্গ
ঘ বাংলা উপসর্গ

৫. 'বরখেলাপ' শব্দে 'বর' কোন ধরনের উপসর্গ?
ক খাঁটি বাংলা
খ তৎসম
গ আরবি
ঘ ফারসি

৬. নিত্য স্ত্রীবাচক শব্দ নয় কোনটি?
ক সতিন
খ সৎমা
গ দাই
ঘ ঠাকরুন

৭. 'জমিদার' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?
ক জমিদারনী
খ জমিদারিনী
গ জমিদার পত্নী
ঘ জমিদার কন্যা

৮. নিচের কোনটি তৎসম উপসর্গ?
ক প্রতি + বাদ
খ অঘা + চণ্ডী
গ খাস + জমি
ঘ লা + জাওয়াব

৯. 'ধাত্রী' শব্দটি কোন লিঙ্গ?
ক পুংলিঙ্গ
খ স্ত্রীলিঙ্গ
গ ক্লীব লিঙ্গ
ঘ উভয় লিঙ্গ

১০. বহুবচনজ্ঞাপক শব্দবিভক্তি কোনটি?
ক গাছ
খ গাছা
গ গজ
ঘ গ্রাম

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | ক |
| ৩ | গ |
| ৪ | খ |
| ৫ | ঘ |
| ৬ | ঘ |
| ৭ | ক |
| ৮ | ক |
| ৯ | খ |
| ১০ | ঘ |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

